

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
 জাতীয় মহিলা সংস্থা
 তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোগাদের বিকাশ সাধন প্রকল্প
 ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা
www.pweeegl.gov.bd

স্মারক নং-৩২.০২.০০০০.০০০.২৫(১).০০৫.২২- ট ৪৯৬

তারিখ : ৩০/০৮/২০২২


বিষয়: তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোগাদের বিকাশ সাধন প্রকল্প এর অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ব্যয় স্থগিত/হাসকরণের লক্ষ্যে প্রশিক্ষণার্থীর সংখ্যা হাসকরণ।

সূত্র: অর্থমন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর পত্র নং-০৭.১০১.০২০.০০.০০১.২০০৯-০১ তাৎ- ০৩/০৭/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয় বর্তমান বৈশিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয় সংকোচন নির্দেশনার প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থ বছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রীয়, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় স্থগিত/হাসকরণ করেছেন (পরিপ্রেক্ষণ সংযুক্ত)।

প্রকল্পের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য ৮টি বিভাগে ৬৪টি জেলার ৮০টি প্রশিক্ষণ কেন্দ্রে ৭টি বিষয়ের প্রশিক্ষণ কার্যক্রম ৩ জুলাই' ২০২২ থেকে শুরু হয়েছে। বর্তমানে প্রতিটি বিষয়ে সকাল শিফটে ২৫ জন ও বিকাল শিফটে ২৫ জন করে ২ ব্যাচে ৫০ জনসহ ৮৬৪ ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য, ৮০টি প্রশিক্ষণ কেন্দ্রে বিজেনেস ম্যানেজমেন্ট এন্ড ই-কর্মস এবং বিভাগীয় ৮টি প্রশিক্ষণ কেন্দ্রে হাউজ কিপিং ও বেবী কেয়ারসহ ৩টি বিষয়ের ৪০ দিনের প্রশিক্ষণ শেষ পর্যায়ে রয়েছে এবং অবশিষ্ট ৪টি বিষয়ের ৮০ দিনের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

বর্ণিত অবস্থায়, প্রকল্পের প্রশিক্ষণ ব্যয় হাসকরণ ও বাজেট স্বল্পতার কারণে ৮০টি প্রশিক্ষণ কেন্দ্রে ফ্যাশন ডিজাইন, ক্যাটারিং, বিউটিফিকেশন ও ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্টসহ ৪টি বিষয়ে চলমান সকাল শিফট (১ম ব্যাচ) এর প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রেখে এবং বিকাল শিফট (২য় ব্যাচ) এর ৪টি বিষয়ে চলমান প্রশিক্ষণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করে জানুয়ারী ২০২৩ থেকে প্রশিক্ষণ প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


 (মোঃ মনিরজ্জামান)
 উপসচিব

জেলা/উপজেলা চেয়ারম্যান (সকল)
 জাতীয় মহিলা সংস্থা
 সংশ্লিষ্ট জেলা/উপজেলা কার্যালয়।

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
 তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী
 উদ্যোগাদের বিকাশ সাধন প্রকল্প
 ই-মেইল : pd@pweeegl.gov.bd
 টেলিফোন : ৫৮৩১১৭৮৭

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ), মশিবিম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৩। পিএ টু চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
- ৪। পিএ টু নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
- ৫। প্রশিক্ষণ কর্মকর্তা (সকল), ত্পঅক্ষনাউবিসাথ।
- ৬। অফিস কপি।

(একই স্মারক নথির ও তারিখের স্থানীয়িক)

অতি জন্ম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০০.০০১.২০০৯-০১

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯
০৩ জুলাই ২০২২

পরিপত্র

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ক্রিয় ব্যয় স্থগিত/হাসকরণ।

বর্তমান বৈশিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ সাধনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রীয়, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে ক্রিয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত প্রাণ করেছে:

- (ক) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বজ্জ থাকবে;
- (খ) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়', '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি', '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি' ও '৪১১২৩১৪-আসবাবপত্র' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;
- (গ) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে '৩২৩১৩০১-প্রশিক্ষণ' খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে; এবং
- (ঘ) উপরের (ক), (খ) ও (গ)-এ বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন করা যাবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

৩. মোহাম্মদ আনিসুজ্জামান

উপসচিব

ফোন নং ৯৫১৪১৪৬

ই-মেইলঃ anism321@finance.gov.bd

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ
৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলওয়েবন, ঢাকা
৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা